

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৮.১৬.০০২.১৮.৫৭

তারিখ: ১৪ মাঘ ১৪২৫


২৭ জানুয়ারি ২০১৯

বিষয়: জনাব মোঃ আনোয়ার হোসেন এর পূর্বের চাকরির ধারাবাহিকতা রক্ষাসহ বেতন সংরক্ষণ।

সূত্র: নং-৪৪.০০.০০০০.১৪৪.২৭.০০২.১৯.০৫, তারিখ: ০৭ জানুয়ারি ২০১৯।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জনাব মোঃ আনোয়ার হোসেন, সহকারী জেলা কমান্ড্যান্ট, জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, চট্টগ্রাম ৩৬তম বি.সি.এস. (আনসার) ক্যাডারের কর্মকর্তা তার চাকরির ধারাবাহিকতা রক্ষাসহ বেতন সংরক্ষণ এবং অন্যান্য আর্থিক সুবিধা প্রাপ্তির নিমিত্ত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করেছেন। তার আবেদনে উল্লেখ করা হয়েছে যে, বি.সি.এস. (আনসার) ক্যাডারে যোগদানের পূর্বে তিনি ৩৩তম বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডারে প্রভাষক (রসায়ন) পদে যোগদান করেন। তার পূর্বের চাকরির ধারাবাহিকতা এবং বেতন সংরক্ষণের বিষয়টি বিবেচনার জন্য নিম্নোক্ত তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- বি.সি.এস ক্যাডারে মোট চাকরি কাল;
- উক্ত ক্যাডারে চাকরিকালীন কোন কর্মবিরতি ছিল কিনা;
- চাকরিকালীন কখনো বরখাস্ত/সাময়িক বরখাস্ত ছিলেন কিনা;
- চাকরিকালীন বিনা বেতনে ছুটি ভোগ করেছেন কিনা;
- চাকরিকালীন সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে শৃঙ্খলামূলক কোন অভিযোগ ছিল কিনা।
- উক্ত চাকরিকাল রাজস্বখাতভুক্ত ছিল কি না; এবং
- তিনি ৩৬তম বিসিএস পরীক্ষায় অংশগ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করেছিলেন কি না।



২৭-১-২০১৯

জাকিয়া খানম

যুগ্মসচিব

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৮.১৬.০০২.১৮.৫৭/১(২)

তারিখ: ১৪ মাঘ ১৪২৫

২৭ জানুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) জনাব মোঃ আনোয়ার হোসেন, সহকারী জেলা কমান্ড্যান্ট, জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, চট্টগ্রাম।



২৭-১-২০১৯

জাকিয়া খানম

যুগ্মসচিব